গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব বিধায়ক রায় চৌধুরী অতিরিক্ত সচিব (বন্দর) নৌপরিবহন মন্ত্রণালয়।
স্থান	: নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ	: ২৪-০৫-২০২৩
সময়	: বেলা ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব জনাব মো: সাইফুল ইসলাম (উপসচিব), নৌপরিবহন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ উপস্থাপন করেন। এ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত নীতিমালাসহ পরিপত্রসমূহ উপস্থাপন করেন। তিনি নিয়মিত সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ সম্পর্কে আলোকপাত করেন। তিনি কর্মকর্তা পরিবর্তন কিংবা দায়িত্ব পরিবর্তনের সাথে সাথে সেবা প্রদান প্রতিশ্রুতিতে তার প্রতিফলনের বিষয়ে গুরুত্বরোপ করেন।

০২। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত মন্ত্রণালয়ের কমিটির সভাপতি জনাব বিধায়ক রায় চৌধুরী, অতিরিক্ত সচিব (বন্দর) বলেন যে, নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রত্যেকের নিজ নিজ সেবা প্রদান প্রতিশ্রুতি রয়েছে। তিনি প্রতিশ্রুত সেবা যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে প্রতেক দপ্তর/সংস্থার নিজস্ব পরিবীক্ষণ কমিটির মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম নিয়মিত মনিটরিং করার প্রতি গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন যে, বিগত সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয় এবং ১১টি দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার ইতঃমধ্যে হালনাগাদ করা হয়েছে।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১। সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করতে হবে।
২.২। মন্ত্রণালয়ের শাখাভিত্তিক সেবাপ্রদান প্রতিশ্রুতির তথ্য যাচাই-বাছাই করতে হবে।
২.৩। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন/প্রণয়নের ক্ষেত্রে এ সংক্রান্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
২.৪। প্রত্যেক দপ্তর/সংস্থা পরিবীক্ষণ কমিটির মাধ্যমে নিয়মিত সেবা প্রদান প্রক্রিয়ার মূল্যায়ন/হালনাগাদকরণ অব্যাহত রাখবে।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

২৮/০৫/২০২৩

(জনাব বিধায়ক রায় চৌধুরী)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ
কমিটি, নৌপরিবহন মন্ত্রণালয়।

স্মারক নং:-১৮.০০.০০০০.০৪১.৩১.০০৫.২১-৮৬৬ তারিখ: ২৮/০৫/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: মোঃ মখলেছুর রহমান, উপসচিব, সুশাসন অধিশাখা)।
২। চেয়ারম্যান, চবক/মবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিসি ও বিআইডব্লিউটিএ।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর/ মতিঝিল বা ১৪৩-১৪১ ,এ, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশ, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৫। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৬। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অতিরিক্ত সচিব (বন্দর) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

২৮/০৫/২০২৩

মো: সাইফুল ইসলাম
উপসচিব